

স্নাতকোত্তর পরীক্ষা ২০১৭

বাংলা

সেমেস্টার : ৪ : কোর্স : ১

বিশেষ পত্র : বিংশ শতাব্দীর বাংলা কথাসাহিত্য

সময় : ৩ ঘণ্টা

পূর্ণমান : ৪০

প্রশ্নের মান দক্ষিণ প্রান্তে উল্লিখিত

১০ সংখ্যক প্রশ্নের উত্তর আবশ্যিক এবং প্রতিটি একক থেকে একটি করে প্রশ্নের উত্তর দাও

একক - ১

- ১। Interior Monologue বা অন্তঃসংলাপ কী? রবার্ট হামফ্রে যে 'Direct' বা প্রত্যক্ষ অন্তঃসংলাপের কথা বলেছেন তা কতখানি যুক্তিযুক্ত? বিশ শতকের একটি বাংলা উপন্যাস অবলম্বনে অন্তঃসংলাপের সার্থক প্রয়োগ বিষয়ে আলোকপাত করো। ৩+২+৫=১০
- ২। 'অণুগল্প মাত্রেই ছোটগল্প, কিন্তু সমস্ত ছোটগল্প অণুগল্প নয়।'— আলোচনা করো। ১০
- ৩। ছোটগল্পের 'সূচনা' ও 'সমাপ্তি'র প্রকরণগত বিশেষত্ব ও গুরুত্ব বিষয়ে আলোচনা করো। ১০

একক - ২

- ৪। 'প্লট'-এর ধারণাটি স্পষ্ট করো। প্লটকে কতভাবে শ্রেণীকরণ করা যায় উদাহরণসহ লেখো। শ্রেণীকরণের সপক্ষে যুক্তিগুলি উল্লেখ করো। ৩+৩+৪=১০
- ৫। ন্যারেটের, ন্যারেটি, ইমপ্লয়েড অথর এবং ইমপ্লয়েড রিডার ধারণাগুলি সম্পর্কে সংক্ষেপে আলোচনা করো। ১০
- ৬। 'কার্নিভালেস্ক' বলতে কী বোঝ? আখ্যানের বহুস্বরিকতার প্রশ্নে বাখতিন কার্নিভালকে বিশেষ গুরুত্ব দিয়েছেন কেন? ৫+৫=১০

একক - ৩

- ৭। বিংশ শতাব্দীর প্রথমার্ধে বাংলা কথাসাহিত্যে প্রকরণগত পরীক্ষা নিরীক্ষা কোথায় কোথায় হয়েছিল সে-সম্পর্কে তোমার বক্তব্য প্রকাশ করো। ১০
- ৮। সত্তর-পরবর্তী বাংলা কথাসাহিত্যে বিকল্প প্রকরণ-ভাবনার পিছনে আর্থ-সামাজিক সাংস্কৃতিক প্রেক্ষাপট ও লেখকদের সাহিত্যভাবনা বিষয়ে সংক্ষেপে আলোচনা করো। ১০
- ৯। 'এই দশক' পত্রিকাকে ঘিরে বাংলা ছোটগল্পের বিষয় ও প্রকরণের ক্ষেত্রে যে আন্দোলন দেখা দিয়েছিল সে-সম্পর্কে একটি নিবন্ধ লেখো। ১০

১০। যে-কোনো পাঁচটি প্রশ্নের উত্তর দাও :

৫×২=১০

- (ক) '...The whole iceberg and not just the relatively small surface portion.'— এই মন্তব্য কে কোন্ গ্রন্থে করেছেন?
- (খ) 'The author's letter of introduction to the readers.'— এই মন্তব্য কোন্ প্রসঙ্গে করা হয়েছে এবং মন্তব্যটি কোন্ বইতে রয়েছে?
- (গ) দুটি সরল ও পন্থাকার প্লটের বাংলা উপন্যাসের নাম লেখো।
- (ঘ) ক্যারেকটো-ফোকালাইজার-এর নিরীক্ষণ বিন্দু ব্যবহৃত হয়েছে এমন চারটি বাংলা উপন্যাসের নাম লেখো।
- (ঙ) 'এ কবির লেখা গল্প। আখ্যানকে উপেক্ষা করে বাণীর স্রোত বয়ে চলেছে।'— রবীন্দ্রনাথ কোন্ লেখকের কোন্ উপন্যাস সম্পর্কে এই মন্তব্য করেছিলেন?
- (চ) 'ছোটগল্প : নতুন রীতি' পত্রিকায় এই পত্রিকা ও রীতি বিষয়ে বিমল করের একটি প্রবন্ধ প্রকাশিত হয়। প্রবন্ধটির শিরোনাম কী? কোন্ সংখ্যায় সেটি প্রকাশিত হয়?